গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা

জননিরাপত্তা বিভাগের অধীন দপ্তর/সংস্থাসমূহের এপ্রিল ২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ সিনিয়র সচিব
সভার তারিখ	২৫ এপ্রিল, ২০২৪
সভার সময়	বিকাল ০৩:০০ টা
স্থান	সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে তা কোন সংযোজন বা সংশোধন না থাকায় দৃঢ়করণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) সভার কার্যপত্রের সিদ্ধান্তসমূহ ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। জননিরাপত্তা বিভাগের অধীন দপ্তর/সংস্থার জমি অধিগ্রহনের অতিগুরুত্বপূর্ণ যে সকল প্রস্তাব চূড়ান্ত অনুমোদনের জন্য অর্থ মন্ত্রণালয়ে পেন্ডিং আছে অগ্রাধিকার ভিত্তিতে সে সকল প্রস্তাসমূহের তালিকা তৈরি করে অতিদ্রুত তা জননিরাপত্তা বিভাগে প্রেরণ করার প্রতি তাগিদ প্রদান করেন। অনিষ্পন্ন তালিকা হালনাগাদের সময় পেন্ডিং পলিসি ইস্যুসমূহ পেন্ডিং তালিকায় অন্তর্ভুক্ত না করা এবং অনলাইনে পেন্ডিং ডাটা এন্টি করনের লক্ষ্যে একটি টু-ওয়ে অনলাইন সিস্টেম ডেভলপের কার্যক্রম দ্রুত শুরু করার প্রতি সভায় সভাপতি গুরুত্বারোপ করেন।

সভায় সভাপতি বলেন, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার সুষ্ঠ ও পরিপূর্ণভাবে বাস্তবায়ন ও স্মার্ট বাংলাদেশ নির্মানকল্পে জননিরাপত্তা বিভাগ ও অধীন দপ্তর/সংস্থার সাথে সংশ্লিষ্ট বিষয়সমূহ নিয়ে আগামী ১৮ মে ২০২৪ তারিখ মাননীয় মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে অনুষ্ঠিতব্য সোকেশিং কর্মশালা সুন্দর ও সুশৃঙ্খলভাবে অনুষ্ঠানের লক্ষ্যে জননিরাপত্তা বিভাগের সংশ্লিষ্ট টিম ও দপ্তর/সংস্থার প্রতিনিধিদের কর্মপরিকল্পনা প্রনয়নের বিষয়ে গুরুত্বারোপ করেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধাতি (GEMS) এ অন্তভুক্তির লক্ষ্যে এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং GEMS এ অন্তর্ভুক্তির তথ্যাদি পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের উপর গুরুত্বারোপ করেন। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশান মোতাবেক সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট জাতীয় তথ্য বাতায়নের আলোকে হালনাগাদ অব্যাহত রেখে প্রয়োজনীয় সকল তথ্যাদি প্রতিনিয়ত আপডেট করার প্রতি নির্দেশনা প্রদান করেন।

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়িত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA'র লক্ষ্যমাত্রা নিশ্চিতকল্পে সর্বোচ্চ সূচকসমূহ অর্জনে করনীয় নির্ধারনকল্পে দপ্তর/সংস্থার সাথে ওয়ান টু ওয়ান ওয়ার্কশপ আয়োজন করা এবং সূচক অর্জনে যে সকল সমস্যা উদ্ভূত হয় তা চিহ্নিত করে সমাধান করতে হবে। বাংলাদেশ-ভারত সীমান্তে দায়িত্ব পালনকালে বাংলাদেশ পুলিশ/বর্ডার গার্ড বাংলাদেশ এর সাথে বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) এর যে সকল ইস্যু তৈরি হয় সেগুলো পয়েন্ট আউট করে সিনিয়র সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করার বিষয়ে গুরুত্বারোপ করেন এবং সীমান্তের ১৫০ গজের মধ্যে কোন মন্ত্রণালয়/বিভাগের স্থাপনা নির্মানের প্রয়োজন হলে সে ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মতামত গ্রহণ করতে হবে মর্মে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কে বিষয়টি জানিয়ে দেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	জমি অধিগ্রহন সংক্রান্ত প্রস্তাবসমূহের তালিকা প্রণয়নে যৌক্তিক প্রস্তাবসমূহের অগ্রাধিকার ভিত্তিতে তালিকা তৈরি করে অতিদ্রুত জননিরাপত্তা বিভাগে প্রেরণ করতে হবে।	দপ্তর/সংস্থা (সকল) / অনুবিভাগ সকল

০২	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA'র লক্ষ্যমাত্রা নিশ্চিতকল্পে সর্বোচ্চ সূচকসমূহ অর্জনে করনীয় নির্ধারনকল্পে দপ্তর/সংস্থার সাথে ওয়ান টু ওয়ান ওয়ার্কশপ আয়োজন করতে হবে।	দপ্তর/সংস্থা (সকল) / এপিএ টিম লিডার (অতিরিক্ত সচিব, পুলিশ ও এনটিএমসি)
০৩	সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধাতি (GEMS) এ অন্তভুক্তির লক্ষ্যে এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন করতে হবে। অন্তর্ভুক্ত তথ্যাদির হালনাগাদ চিত্র পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	দপ্তর/সংস্থা সকল /সিস্টেম এনালিষ্ট, জননিরাপত্তা বিভাগ
০৪	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট জাতীয় তথ্য বাতায়নের আদলে হালনাগাদ করে প্রতিনিয়ত তথ্য আপডেট অব্যাহত রাখতে হবে।	দপ্তর/সংস্থা সকল /সিস্টেম এনালিষ্ট, জননিরাপত্তা বিভাগ
০৫	Policy Block ইস্যুসমূহ পেন্ডিং তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না। পেন্ডিং তালিকা হালনাগাদকল্পে জননিরাপত্তা বিভাগ ও দপ্তর/সংস্থা হতে অনলাইনে পেন্ডিং ডাটা এন্টি করনের লক্ষ্যে একটি টু-ওয়ে অনলাইন সিস্টেম ডেভলপের কার্যক্রম দ্রুত শুরু করতে হবে।	দপ্তর/সংস্থা সকল / অনুবিভাগ সকল/সিস্টেম এনালিষ্ট, জননিরাপত্তা বিভাগ
০৬	সীমান্তসমূহে দায়িত্ব পালনকালে বাংলাদেশ পুলিশ/বর্ডার গার্ড বাংলাদেশ এর সাথে বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) এর যে সকল ইস্যু তৈরি হয় সেগুলো পয়েন্ট আউট করে সিনিয়র সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে।	রাজনৈতিক ও আইসিটি অনুবিভাগ/আনসার ও সীমান্ত অনুবিভাগ
০৭	আন্তর্জাতিক বিভিন্ন প্রকার সীমান্ত সমস্যা নিরসনকল্পে সীমান্তের ১৫০ গজের মধ্যে কোন মন্ত্রণালয়/বিভাগের স্থাপনা নির্মানের প্রয়োজন হলে সে ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে পত্র দিয়ে অবহিত করতে হবে।	রাজনৈতিক ও আইসিটি অনুবিভাগ/আনসার ও সীমান্ত অনুবিভাগ

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.১৯.৬৪

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১
২৯ এপ্রিল ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর সংস্থা প্রধান (সকল)।
২) অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ
৩) যুগ্মসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪) উপসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ
৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ
৭) সিনিয়র সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৮) সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

ফৌজিয়া খান
উপসচিব